# জিয়াউর রহমানের কবরের পাশে খালেদা জিয়ার দাফন হবে: সালাউদ্দিন



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দাফন রাজধানীর শেরেবাংলা নগরের জিয়া উদ্যানে, তাঁর স্বামী শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধির পাশে হতে পারে। এ বিষয়ে দলীয় পর্যায়ে আলোচনা ও যোগাযোগ চলছে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ জানিয়েছেন, বেগম খালেদা জিয়ার জানাজা ও দাফনের সময়সূচি ও স্থান নির্ধারণে অন্তর্বর্তী সরকারের সঙ্গে যোগাযোগের উদ্যোগ নিয়েছে বিএনপি। প্রস্তাবিত পরিকল্পনা অনুযায়ী, জিয়া উদ্যানে জিয়াউর রহমানের কবরের পাশেই তাঁর শেষ শয্যার ব্যবস্থা হতে পারে।

উল্লেখ্য, গত ২৩ নভেম্বর শারীরিক অসুস্থতা নিয়ে খালেদা জিয়াকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। প্রায় এক মাসের বেশি সময় চিকিৎসাধীন থাকার পর মঙ্গলবার ভোর ছয়টার দিকে সেখানেই তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

LENS ASIA